FEB. 23 2001

পৃষ্ঠা ... ৩ কলাম ... ১

# "বরিশালে ল' পরীক্ষায় এমন কেহ নাই যে নকল করে নাই"

**বরিশাল অফিস** ॥ ল' পরীক্ষার (১৯৯৫ সনের) স্থানীয় কেন্দ্র সাময়িক বাতিল প্রসঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ লিখিতভাবে গত ১৮ই ফেব্রুয়ারী আদালতে জানান, বরিশাল সরকারী কলেজ কেন্দ্রে পরীক্ষা চলাকালে *(১৩শ পৃঃ ২-এর কঃ দ্রঃ)*

## বরিশালে ল' পরীক্ষায়

(৩য় পৃঃ পর)

ভিজিল্যান্স টিম ঐ কেন্দ্র পরিদর্শন করে। টিমের সদস্যরা দেখিতে পান যে, হলে গণ নকল চলিতেছে। একজন পরীক্ষার্থীও নকলের বাইরে নয়। পরীক্ষা কেন্দ্রের অবস্থা ছিল ভয়াবহ। ঐ কেন্দ্রে সুষ্ঠু পরীক্ষা গ্রহণের পরিবেশ না থাকায় কেন্দ্রটি সাময়িকভাবে বাতিল করা হইয়াছে। বিশ্ববিদ্যালয়ের পক্ষে পরীক্ষা নিয়ন্ত্রক আদালতে উপস্থিত হইয়া তাহাদের জবাব পেশ করেন।

পরীক্ষার মাঝপথে কেন্দ্র বাতিল হওয়ায় পরীক্ষার্থীরা গত ৪ঠা ফেব্রুয়ারী স্থানীয় ১ম সাবজজ আদালতে বিশ্ববিদ্যালয়ের ঐ নির্দেশের বিরুদ্ধে নিষেধাজ্ঞা প্রার্থনা করিয়া মামলা দায়ের করে। জজ সত্যেন্দ্র নাথ ঘোষ বিবাদীদের উপর কারণ দর্শাও নোটিস জারি করেন। ইহার প্রেক্ষিতে ঐ জবাব পেশ করা হইয়াছে। ২৮শে ফেব্রুয়ারী এই ব্যাপারে উভয় পক্ষের শুনানি অনুষ্ঠিত হইবে।